



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
শ্রীবরদী, শেরপুর

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
ইউনিয়ন পরিষদ উপনির্বাচন-২০২৩ খ্রিঃ

ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচীর বিজ্ঞপ্তি

যেহেতু, নির্বাচন কমিশন কর্তৃক পত্র নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৩ তারিখ ২৩ জানুয়ারি ২০২৩ খ্রি. মোস্তাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার গোশাইপুর ইউনিয়নের সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের জন্য সময়সূচীর ধার্য করা হইয়াছে;

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি এ.কে.এম. মোরশেদ আলম উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী, শেরপুর ও রিটার্নিং অফিসার, এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার শ্রীবরদী গোশাইপুর ইউনিয়ন পরিষদের ৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছি:

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	ঃ	১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.	(রবিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.	(সোমবার)
(গ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.	(সোমবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	ঃ	১৬ মার্চ ২০২৩ খ্রি.	(বৃহস্পতিবার)

উল্লিখিত ইউনিয়নে ০১ টি ওয়ার্ডে ইউনিয়ন পরিষদের উপনির্বাচনে ইভিএম মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

আমি আরও জানাইতেছি যে, আগামী ২৩ জানুয়ারি ২০২৩ খ্রিঃ তারিখ হইতে ১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ তারিখ (রবিবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীরা নিকট হইতে আমার কার্যালয়ে, উপজেলা নির্বাচন অফিস, শ্রীবরদী, শেরপুর এ মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

ভোটগ্রহণের সময় সকাল ০৮.৩০ ঘটিকা হতে বিকাল ০৪.৩০ ঘটিকা পর্যন্ত ইভিএম এর মাধ্যমে বিরতীহীনভাবে ভোটগ্রহণ চলবে।

স্থান : উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়
শ্রীবরদী, শেরপুর।
তারিখ : ২৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ।

(এ.কে.এম. মোরশেদ আলম)
উপজেলা নির্বাচন অফিসার
শ্রীবরদী, শেরপুর

ও

রিটার্নিং অফিসার

গোশাইপুর ইউনিয়ন পরিষদ ৩নং ওয়ার্ড উপনির্বাচন-২০২৩ খ্রিঃ
তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

স্মারক নং-১৭.০৯.৮৯৯০.০০০.৪১.০০৬.২৩-১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, শেরপুর।
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ০৪। পুলিশ সুপার, শেরপুর।
- ০৫। উপসচিব, নির্বাচন পরিচালনা-২ অধিশাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৬। জেলা নির্বাচন অফিসার, শেরপুর।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ০৯। অফিসার ইন-চার্জ, শ্রীবরদী থানা, শ্রীবরদী, শেরপুর।
- ১০। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শ্রীবরদী, শেরপুর।
- ১১। উপজেলা..... কর্মকর্তা, শ্রীবরদী, শেরপুর।
- ১২। সচিব, গোশাইপুর ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী, শেরপুর তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ।
- ১৩। নোটিশ বোর্ড।
- ১৪। অফিস কপি।

উপজেলা নির্বাচন অফিসার
শ্রীবরদী, শেরপুর

ও

রিটার্নিং অফিসার

গোশাইপুর ইউনিয়ন পরিষদ ৩নং ওয়ার্ড উপনির্বাচন-২০২৩ খ্রিঃ